



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./শ্রে.বি/২০০৯/৬১১

তারিখ: ৩০/০৭/২০২৫ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

কুবিতে 'Service Rules and office Management for Professional Workplace' শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে (কুবি) আইকিউএসি (IQAC) কর্তৃক 'Service Rules and office Management for Professional Workplace' বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার (৩০ জুলাই) বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের ভার্চুয়াল ক্লাসরুমে প্রশিক্ষণটি অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মাসুদা কামাল। রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত ছিলেন বার্ডের যুগ্ম-পরিচালক ড. বেনজির আহমেদ এবং মোঃ আবু তালেব। অনুষ্ঠানে সভাপতিত্ব করেছেন আইকিউএসি'র পরিচালক অধ্যাপক ড. খলিফা মোহাম্মদ হেলাল এবং কো-অর্ডিনেটর হিসেবে দায়িত্ব ছিলেন আইকিউএস-র অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ রেজাউল করিম।

প্রশিক্ষণটি পবিত্র কুরআন পাঠের মধ্য দিয়ে শুরু হয়। শুরুতে স্বাগত বক্তব্য রাখেন অনুষ্ঠানের সভাপতি ও আইকিউএসি'র পরিচালক অধ্যাপক ড. খলিফা মোহাম্মদ হেলাল।

প্রধান অতিথি অধ্যাপক ড. মাসুদা কামাল বলেন, আজকের বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। একটি অফিসের সুষ্ঠু ব্যবস্থাপনার ভিত্তি হিসেবে কাজ করে সার্ভিস রুলস। শৃঙ্খলা, কর্মী নিয়ন্ত্রণ, কাঠামো, নিয়োগ, পদোন্নতি, জবাবদিহিতা, আচরণবিধি অর্থাৎ সরকারি রুলস সকল কর্মকর্তা-কর্মচারীকে মেনে চলতে হয়। এই প্রশিক্ষণের মাধ্যমে আপনারা সুশৃঙ্খল কর্মচারী হিসেবে আত্মপ্রকাশ করে সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করে কুমিল্লা বিশ্ববিদ্যালয়কে সামনের দিকে এগিয়ে নিয়ে যেতে সর্বাত্মক সহযোগিতা করবেন বলে আমি আশাবাদী।

(মোহাম্মদ এমদাদুল হক)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
কুমিল্লা বিশ্ববিদ্যালয়

অনুলিপি:

০১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য) কু.বি.।
০২. পিএ টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য) কু.বি.।
০৩. পিএ টু ড্রেজারার (ড্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য) কু.বি.।
০৪. সংশ্লিষ্ট নথি।